দৈনিক ইনকিলাব

২৩/১০/২০০১

তারিখ ...

পৃষ্ঠা ৭ কলাম ৫

# মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যানের নিয়োগ বাতিল

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষ বোর্ডের চেয়ারম্যান ডঃ মোঃ আবু বকর সিদ্দীক-এর চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল কর হয়েছে। জনাব সিদ্দীকের সাথে সম্পাদিত সরকারের চুক্তির ৪ নং শর্ত মোতাবেক ১ (এক) মাসের বেতন প্রদান সাপেক্ষে গতকাল এই সিদ্ধান্ত নেয়া হয়। সরকারের এই সিদ্ধান্ত ১৮ অক্টোবর ২০০১ তারিখ থেকে কার্যকর হবে বলে প্রশাসন এক আদেশে উল্লেখ করেছে।

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের কর্মকর্ত বর্তমানে জীবন বীমা কর্পোরেশনের ম্যানেজিং ডাইরেক্টর এন ডব্লিউ খন্দকারকে নৌপরিবহন মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। জনাব খন্দকারের ১৯৯৯ সালের ১১ জানুয়ারী থেকে একই বছরের ২১ এপ্রিল পর্যন্ত সময়কালের চাকরি ভূতাপেক্ষভাবে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপ আইন উপদেষ্টা মুস্তাক হাসান মোঃ ইফতিখারকে বদলীপূর্বক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে পলিসি এন্ড রিসার্চ ইউনিটে উপ-প্রধান পদে প্রেষণে নিয়োগ দেয়া হয়েছে।